



জাতীয় মানবাধিকার কমিশন

(২০০৯ সালের জাতীয় মানবাধিকার কমিশন আইন দ্বারা প্রতিষ্ঠিত একটি সংবিধিবদ্ধ স্বাধীন রাষ্ট্রীয় প্রতিষ্ঠান)

বিটিএমসি ভবন (৯ম তলা), ৭-৯ কারওয়ান বাজার, ঢাকা-১২১৫

ই-মেইলঃ info@nhrc.org.bd

স্মারক নং: এনএইচআরসিবি/প্রেস:বিজ্ঞঃ/ -২৩৯/১৩- ৯৫

তারিখঃ ০৬ জুন ২০২০

প্রেস বিজ্ঞপ্তি-

গোপালগঞ্জে পুলিশের পিটুনিতে কৃষক নিখিলের মৃত্যুর ঘটনায় উদ্বেগ

গণমাধ্যমে প্রকাশিত গোপালগঞ্জে পুলিশের পিটুনিতে কৃষক নিখিল তালুকদারের (৩২) মৃত্যুর ঘটনায় জাতীয় মানবাধিকার কমিশন গভীর উদ্বেগ প্রকাশ করছে। নিখিলের স্ত্রীর বরাত দিয়ে গণমাধ্যমে প্রকাশিত হয়েছে যে, গত মঙ্গলবার বিকেলে রামশীল বাজারের ব্রিজের পূর্ব পাশে নিখিলসহ ৪ জন বসে সময় কাটাতে তাস খেলছিলেন। এ সময় কোটালীপাড়া থানার এএসআই শামীম উদ্দিন ঘটনাস্থলে জনৈক ভ্যানচালক ও অপর যুবককে নিয়ে গোপনে মুঠোফোনে তাস খেলার দৃশ্য ধারণ করতে থাকলে তারা বিষয়টি টের পেয়ে খেলা রেখে দৌড়ে পালানোর চেষ্টা করেন। এসময় অন্য ৩ জন পালিয়ে গেলেও নিখিলকে এএসআই শামীম উদ্দিন ধরে মারপিট শুরু করেন। মারপিটের এক পর্যায়ে হাটু দিয়ে নিখিলের মেরুদণ্ডে আঘাত করলে তার মেরুদণ্ড ভেঙে যায়। নিখিলকে প্রথমে বরিশাল শের-ই-বাংলা মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয় এবং সেখানে তার শারিরিক অবস্থার অবনতি হলে ঢাকা পঞ্জু হাসপাতালে নেয়া হয়। চিকিৎসাধীন অবস্থায় তিনি বুধবার বিকেলে মারা যান।

কমিশন মনে করে, উক্ত ঘটনায় মানবাধিকারের চরম লঙ্ঘন হয়েছে। পুলিশ বাহিনীর একজন সদস্যের এহেন অপেশাদারী আচরণ কোনভাবেই কাম্য নয়। প্রতিবেদনে জানা যায়, উক্ত ঘটনাটি তদন্ত শুরু করা হয়েছে। উক্ত ঘটনার সুষ্ঠু তদন্ত ও দায়ীদের দৃষ্টান্তমূলক শাস্তি নিশ্চিত করতে হবে। জাতীয় মানবাধিকার কমিশন এবিষয়ে যথাযথ কর্তৃপক্ষের নিকট প্রতিবেদন চেয়েছে।

ধন্যবাদান্তে,

ফারহানা সাঈদ

জনসংযোগ কর্মকর্তা

জাতীয় মানবাধিকার কমিশন, বাংলাদেশ